

২০২৩

বাংলা

(প্রোগ্রাম)

স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

ষষ্ঠ সেমিস্টার

কোর্স কোড : BENG-G-SEC-T-4

(আই. পি. এ, প্রফ ও প্রবন্ধরচনা)

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ৫ = ১০$

ক) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় বিভিন্ন ধ্বনির জন্য যেসব বর্ণ ব্যবহার করা হয় সেই বর্ণগুলি প্রধানত কোন্ বর্ণমালা থেকে গৃহীত? 'এ' এবং 'অ্যা' ধ্বনি লেখার জন্য বাংলায় যে একটাই বর্ণ আছে সেটি কী?

খ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার মূল নীতিদুটি কী কী?

গ) স্বনিম বলতে কী বোঝো?

ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর — এই শব্দ দুটিকে আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর করো।

(পরের পাতায়)

- ঙ) সংশোধনী চিহ্ন হিসাবে ব্যবহৃত n.p এবং run on শব্দগুলি
 ফ্রফ সংশোধনে কী কী বোঝাতে ব্যবহার করা হয়?
- চ) ফ্রফ সংশোধনকালে হরফ বা শব্দ বাতিল করে ফাঁক বুজিয়ে
 দিতে এবং ভিন্ন খাঁচের হরফ বদল করতে কোন্ কোন্ চিহ্ন
 ব্যবহার করতে হবে?
- ছ) ফ্রফ সংশোধনকালে যে দুটি মূল নিয়ম পালন করা আবশ্যিক
 সেগুলি কী কী?
- জ) IPA শব্দটির পূর্ণরূপ কী?

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

- ক) তোমার প্রিয় একজন সাহিত্যিকের সাহিত্যপ্রতিভা সম্বন্ধে একটি
 সংক্ষিপ্ত প্রবন্ধ লেখো।
- খ) নিম্নে প্রদত্ত অংশটি আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর
 করো :
- এখানেও খুব বেশিদিন জমলো না কাকার। কিছুদিন পরে আবার
 একবার রাতারাতি সিদ্ধান্ত করে সব বিক্রিবাট্টা করে দিলেন।
 দাঁইহাট জুনিয়র হাইস্কুলের পিছনে সস্তা দরে কিনেছিলেন
 একটিলতে জমি। সেখানে বসতি গড়ে হাট করতেন দাঁইহাট,
 ঘোলা, চিতলমারি, কামারখোলা, ক্ষীরনোলা হাটে। কুটেলির
 ব্যবসাটা মন্দ জমেনি কাকার।
- গ) ফ্রফ সংশোধনে গ্রন্থকারের পালনীয় দায়িত্বগুলি কী কী?
- ঘ) নিম্নে প্রদত্ত অংশটির ফ্রফ সংশোধন করো :

বিকাশ এখন বিদেশে। দিদিমনির আবদারে মাঝেমাঝে সন্ধ্যায়
 যেতে হয় ওনা বাড়ি। আমার মধ্যে দিয়ে হয়তো তিনি বিকাশকে;

পেতে খুঁজে চান। দূরদেশ থেকে ভিডিও কলে কথা বলে আর
 কতটুকু মনের সাধ মেটে। নিয়ম করে প্রতিদিন প্রায় কথা বলেন
 বিকাশ রোজি আর নাতি ম্যাকের সাথে।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

- ক) 'ঔপন্যাসিক বঙ্কিমচন্দ্র' এই বিষয়ের উপর একটি নাতিদীর্ঘ প্রবন্ধ
 রচনা করো।
- খ) নিম্নে প্রদত্ত অংশটির আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর
 করো :
- এদেশে আসার কথা বললেই নানারকম ব্যস্ততার কথা শোনায়।
 উল্টে এখানকার সব বিক্রি করে সারাজীবনের জন্য আমাদের
 ওখানে চলে যেতে বলে। শত ব্যস্ততার জীবনে আমার খোকা
 যে কখন বিকাশ হয়ে উঠলো টেরই পেলাম না। এখন নাতিটার
 চোখের নিমেষে বড় হয়ে ওঠার পালা। এসব কথা বিকাশকে
 বলে বোঝানো দায়।
- গ) ফ্রফ সংশোধনের জন্য প্রয়োজনীয় চিহ্ন ও তাদের ব্যবহার
 সংক্রান্ত একটি তালিকা প্রস্তুত করো।
- ঘ) ছাত্র-ছাত্রীদের নৈতিক চরিত্র গঠনে শিক্ষক মহাশয়দের ভূমিকা
 নিয়ে একটি অনতিদীর্ঘ আলোচনা করো।